

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.৯৯.৩৭.২০১৭- ৬৪৬

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

বিষয়: একটি ভিত্তিহীন এবং কাল্পনিক অভিযোগে চাকুরীচ্যুত করায় চাকুরী ফিরে পেতে আপনার সদয় সহায়তা কামনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী (বরখাস্তকৃত) জনাব মোঃ মোজাম্মেল এর আবেদনে বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মোঃ আকবর হোসেন
উপসচিব

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (পাস) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ

বরাবর

জনাব মোঃ তাজুল ইসলাম এমপি,
মাননীয় মন্ত্রী,
স্থানীয় সরকার মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	২) প্রশাসন
২) মহাপরিচালক	৩) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৪) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৫) পানি সরবরাহ (পাস)
	৬) উপজেলা অধিশাখা
	৭) ইউপি অধিশাখা
	৮) অতিষ্ঠ অধিশাখা
ডায়েরি নং : তারিখ: ২৭/১১/১৮	স্বাক্ষর

বিষয় : একটি ভিত্তিহীন এবং কাল্পনিক অভিযোগে চাকুরিচ্যুতি করায় চাকুরি ফিরিয়ে পেতে আপনার সদয় সহায়তা কামনা প্রসঙ্গে।

স্যার,

আমি, নিম্নস্বাক্ষরকারী, ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী হিসাবে কর্মরত থাকা অবস্থায় আপনি ওয়াসার উর্ধ্বতন কর্মকর্তাদের সহিত মতবিনিময় করতে বিগত ২০১৯ সালের ২৪শে জানুয়ারি ওয়াসা ভবনে এসেছিলেন। ঐদিন ওয়াসা কর্মচারীদের পূর্বনির্ধারিত একটি কর্মসূচি থাকায় আপনার ওয়াসা ভবনে প্রবেশের সঙ্গে সঙ্গেই নিরাপত্তাজনিত কারণে ভবনের মেইন গেট বন্ধ করা হয়। গেট বন্ধ থাকায় ভবনের ভিতরে প্রবেশ করতে না পেরে অনেক কর্মকর্তার মতো আমিও ভবনের উল্টো দিকে নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে থাকি। কর্মচারীরা অনেক দূরে তাদের বিভিন্ন দাবিদাওয়া নিয়ে বিক্ষোভ করতে থাকেন। কর্মচারীদের ঐ দাবি দাওয়ার সঙ্গে একজন অফিসার হিসেবে আমার কোন সংশ্লিষ্টতা ছিল না। মতবিনিময় শেষে আপনি ওয়াসা ভবন ত্যাগ করার সঙ্গে সঙ্গেই আমি আমার কর্মস্থল সেগুন বাগিচায় ফিরে যাই। অথচ ঐ ঘটনার প্রায় দশ মাস পর আমার বিরুদ্ধে অভিযোগ আনা হয় যে, আমি আপনাকে অবজ্ঞা করেছি যাহা একেবারেই ভিত্তিহীন। বরং আপনাকে স্বাগত জানাতেই ঐদিন আমি ওয়াসা ভবনে গিয়েছিলাম। এমন অসত্য অভিযোগের ভিত্তিতে গত ২৯/০৫/২০২২ইং তারিখে আমাকে চূড়ান্তভাবে চাকুরিচ্যুত করা হয়। আনিত অভিযোগটি যে ভিত্তিহীন তা আপনিও একটি গণমাধ্যমে বলেছেন। অভিযোগটি ভিত্তিহীন হওয়ায় আমাকে চাকুরিচ্যুতি করারও আইনগত কোন ভিত্তি নাই।

এমতাবস্থায়, আমাকে চাকুরিচ্যুতির অফিস আদেশটি প্রত্যাহার করতে আপনার সদয় হস্তক্ষেপ এবং প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সবিনয়ে অনুরোধ করিতেছি।

নিবেদক

Mamun

মোঃ মোজাম্মেল হক,
নির্বাহী প্রকৌশলী (বরখাস্তকৃত)
ঢাকা ওয়াসা, ঢাকা।

মাননীয় মন্ত্রীর নির্দেশক্রমে
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্বাক্ষর ২৩.১১.২২
মন্ত্রীর একান্ত সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন
ও সমবায় মন্ত্রণালয়

ডায়েরী নং ১৫৩৬	তারিখ ২৭/১১/১৮
<input type="checkbox"/> উপ-সচিব (পাস-১/পাস-২/পাস-৩)	
<input checked="" type="checkbox"/> সিনিয়র সহকারী সচিব (পাস-১/৩)	
যুগ্মসচিব (পাস-অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ	

ডায়েরী নং ২৩২০	তারিখ ২৭/১১/২২
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মন্ত্রীর দপ্তর)	

স্বাসবিঃ পাস-২ শাখা	ডায়েরী নং ১৫৩৬	তারিখ ২৭/১১/১৮
ডায়েরী নং-১২০	<input checked="" type="checkbox"/> যুগ্মসচিব (পাস-৩)	
তারিখ- ১/১২	<input type="checkbox"/> যুগ্মসচিব (পিএসবি)	
	<input type="checkbox"/> উপসচিব (পাস-১/ ২/ ৩)	
	<input type="checkbox"/> সিনিয়র সহকারী সচিব (পাস-১/ ২/ ৩)	
অতিরিক্ত সচিব(পাস) স্থানীয় সরকার বিভাগ		